প্রথম আলো

বাণিজ্য

# তৃতীয় লিঙ্গের মানুষকে চাকরি দিলে করছাড়

**নিজস্ব প্রতিবেদক** ঢাকা




ফাইল ছবি

তৃতীয় লিঙ্গের মানুষকে চাকরি দিলে বিশেষ করছাড়ের প্রস্তাব দিয়েছে সরকার। অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল আজ বৃহস্পতিবার জাতীয় সংসদে যে বাজেট প্রস্তাব দিয়েছেন, তাতে এ ছাড় দেওয়ার কথা বলা হয়েছে।

অর্থমন্ত্রী বাজেট বক্তৃতায় বলেছেন, ‘যদি কোনো প্রতিষ্ঠান তার মোট কর্মচারীর ১০ শতাংশ বা ১০০ জনের বেশি তৃতীয় লিঙ্গের ব্যক্তিদের নিয়োগ দেয়, তবে ওই কর্মচারীদের পরিশোধিত বেতনের ৭৫ শতাংশ বা প্রদেয় করের ৫ শতাংশ, যেটি কম, তা নিয়োগকারীকে কর রেয়াত হিসেবে প্রদানের জন্য প্রয়োজনীয় বিধান

By using this site, you agree to our Privacy Policy. OK

অর্থমন্ত্রী আরও বলেন, বর্তমান সরকার দেশের প্রান্তিক ও সুবিধাবঞ্চিত মানুষকে সামাজিক ও অর্থনীতির মূলধারায় অন্তর্ভুক্তির লক্ষ্যে নিরলস চেষ্টা করে যাচ্ছে। প্রান্তিক ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর অন্যতম একটি অংশ হচ্ছে তৃতীয় লিঙ্গের মানুষ। এ জনগোষ্ঠী অন্যান্য মানুষের চেয়ে আর্থসামাজিকভাবে পিছিয়ে আছে এবং তারা সমাজের মূলধারার বাইরে রয়েছে।

আ হ মুস্তফা কামাল বলেন, কর্মক্ষম এ জনগোষ্ঠীকে উৎপাদনমুখী কর্মকাণ্ডে সম্পৃক্ত করতে পারলে সামাজিক অন্তর্ভুক্তি নিশ্চিত হবে। এ পরিপ্রেক্ষিতে তৃতীয় লিঙ্গের মানুষের কর্মসংস্থান, জীবনযাত্রার মান উন্নয়ন, সামাজিক ও অর্থনৈতিক আত্তীকরণের লক্ষ্যে বিশেষ কর প্রণোদনার বিধান প্রবর্তনের প্রস্তাব করা হলো।

তৃতীয় লিঙ্গের মানুষের জন্য করমুক্ত আয়সীমাও বাড়ানোর প্রস্তাব করেছেন অর্থমন্ত্রী। এত দিন সবার মতো তৃতীয় লিঙ্গের মানুষের করমুক্ত আয়সীমা ছিল তিন লাখ টাকা। এখন এটা বাড়িয়ে সাড়ে তিন লাখ টাকা করার প্রস্তাব করেছেন অর্থমন্ত্রী।

4 Comments Sign in

Newest Share

Share your thoughts…

This site is protected by reCAPTCHA and the Google Privacy Policy and Terms of Service apply.

POST

prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

By using this site, you agree to our Privacy Policy. OK